ত্রৈমাসিক বুলেটিন

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ: ০৫ | সংখ্যা : ২০ | পৌষ ১৪৩১ বঙ্গাব্দ | ডিসেম্বর ২০২৪ খ্রি.

## ‘গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষাই সরকারের রাষ্ট্র পরিচালনার মূলনীতি’ -বিদ্যুৎ ও জ্বালানি উপদেষ্টা



*'সংস্কার ও টেকসই উন্নয়নের সমন্বয়ে সমৃদ্ধ বাংলাদেশ' শীর্ষক সেমিনারে কথা বলছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা*

জনগণের চাহিদা পূরণের মাধ্যমে অনেকের উপকার হতে পারে এরকম প্রকল্প গ্রহণ করবে অন্তর্বর্তীকালীন সরকার। গণঅভ্যুত্থানের যে আকাঙ্ক্ষা সেটাই বর্তমান সরকারের রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান।

গত ২ নভেম্বর বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরামের (বিএসআরএফ) আয়োজনে হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে ‘সংস্কার ও টেকসই উন্নয়নের সমন্বয়ে সমৃদ্ধ বাংলাদেশ’ শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন।

উপদেষ্টা বলেন, বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের সঙ্গে অন্য সরকারের পার্থক্য আছে। অন্য সরকারকে ক্ষমতায় যেতে হয় কিন্তু অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণ করেছে। মৌলিক পার্থক্য এই সরকার কায়েমি স্বার্থের ওপর দায়বদ্ধ নয়। এই সরকারের দায়বদ্ধতা জুলাই বিপ্লবের শহিদ ও আহতদের প্রতি। তাই সকল সংস্কার ও কাজ তাদের কথা মাথায় রেখে করছেন।

জনগণের টাকা জনগণের স্বার্থে ব্যবহারের কথা মাথায় রাখতে হবে জানিয়ে মুহাম্মদ ফাওজুল কবির খান বলেন, সরকার একটি আমানত, ব্যক্তি স্বার্থ, বন্ধু-বান্ধব ও আত্মীয়তার স্বার্থের বাইরে গিয়ে এই আমানতকে রক্ষা করতে হবে।

সংস্কার সম্পর্কে তিনি বলেন, সংস্কার প্রধানত দুই প্রকার। প্রথম হলো- নীতির সংস্কার। পূর্বের সরকারের দুর্নীতির কাঠামো সম্পূর্ণরূপে ভেঙ্গে ফেলা হয়েছে। ২০১০ সালের আইন স্থগিত এবং ৩৪ক ধারা বাতিল করে এখন থেকে গণশুনানির মাধ্যমে বিদ্যুৎ ও জ্বালানির দাম নির্ধারণ করা হবে।

উপদেষ্টা আরও বলেন, প্রকল্পের মেয়াদ ও ব্যয় কোনোটাই বাড়ানো হবে না। টেন্ডারের ক্ষেত্রে প্রকৃত প্রতিযোগিতা কীভাবে সৃষ্টি করা যায় সেই লক্ষ্যে কাজ করছে সরকার। যতটা সম্ভব দুর্নীতি কমিয়ে জন আকাঙ্ক্ষা পূরণ করতে হবে। এক্ষেত্রে সাংবাদিকদের সহযোগিতা চেয়েছেন উপদেষ্টা।

এসময় আরও উপস্থিত ছিলেন বিএসআরএফ সভাপতি ফসিহ উদ্দীন মাহতাব, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক ড. একেএম আতিকুর রহমান প্রমুখ।

## ডিপিডিসি পরিচালনা পর্ষদে নতুন চেয়ারম্যান মহোদয়ের যোগদান



*সদ্য যোগদানকৃত পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সভা*

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)’র পরিচালনা পর্ষদে নতুন চেয়ারম্যান হিসেবে যোগদান করেছেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সিনিয়র সচিব মো. এহছানুল হক। তিনি গত ১৫ সেপ্টেম্বর পরিচালনা পর্ষদে চেয়ারম্যান হিসেবে যোগাদান করেন। বিসিএস (প্রশাসন) ক্যাডারের এই চৌকষ কর্মকর্তা ডিপিডিসি'র চেয়ারম্যান পদে যোগদানের পূর্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। পরিচালনা পর্ষদে নতুন চেয়ারম্যান মহোদয়ের যোগদানে ডিপিডিসি পরিবার অত্যন্ত আনন্দিত। ডিপিডিসি পরিবার বিশ্বাস করে নতুন চেয়ারম্যান মহোদয়ের সুযোগ্য নেতৃত্বে উন্নত গ্রাহকসেবা নিশ্চিতকরণের মাধ্যমে ডিপিডিসি আরো এগিয়ে যাবে এবং গ্রাহক সন্তুষ্টি অর্জনে সক্ষম হবে।

# নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচআর) কর্তৃক এনওসিএস বংশাল পরিদর্শন





*এনওসিএস বংশাল দপ্তরের কর্মকর্তাদের সাথে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচআর)*

গত ২২ অক্টোবর ২০২৪ (মঙ্গলবার) ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচআর) সোনামনি চাকমা এনওসিএস বংশাল দপ্তর পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি সঠিকভাবে গ্রাহক সেবা প্রদান করা হচ্ছে কিনা তা খতিয়ে দেখেন। এছাড়াও, দপ্তরের বিভিন্ন রেজিস্টার পর্যবেক্ষণ করেন এবং সাম্প্রতিক সময়ে সেবা গ্রহণকারী কয়েকজন সম্মানিত গ্রাহকের সাথে মুঠোফোনে যোগাযোগ করে সেবার বিষয়ে তাদের মতামত গ্রহণ করেন। এরপত্র তিনি দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে নিয়ে মত বিনিময় করেন এবং গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করেন। মতবিনিময় ও পরিদর্শনকালে প্রধান প্রকৌশলী (সেন্ট্রাল) মশিয়ার রহমান জোয়ার্দার, বংশাল দপ্তরের নির্বাহী প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## গণশুনানী ও মত বিনিময় সভা

ডিপিডিসি একটি সেবামূলক বাণিজ্যিক প্রতিষ্ঠান যেখানে প্রতিনিয়তই গ্রাহকসেবার মানোন্নয়নের লক্ষ্যে নানামুখী কর্মকাণ্ড পরিচালিত হয়ে থাকে। "নির্ভরযোগ্য বিদ্যুৎ - উৎফুল্ল গ্রাহক" স্লোগানকে সামনে রেখে সকল গ্রাহককে মানসম্মত বিদ্যুৎ সরবরাহে ডিপিডিসি প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। গ্রাহকের পরিবর্তিত চাহিদা পুরণ ও গ্রাহকদের বিভিন্ন চাহিদা পূরনে ডিপিডিসি প্রতিশ্রুতিবদ্ধ। এই প্রতিশ্রুতি পূরণে ডিপিডিসি'র সকল এনওসিএস দপ্তর কর্তৃক নিয়মিতভাবে সেবা গ্রহীতাদের অংশগ্রহনে গনশুনানী ও মত বিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভার মাধ্যমে সম্মানিত গ্রাহকরা সরাসরি তাদের নানা প্রত্যাশা, অভিযোগ ও মতামত কর্তৃপক্ষের সামনে তুলে ধরেন। প্রাপ্ত এসব মতামত ও পরামর্শ আমাদের সেবার মান বৃদ্ধি করতে উল্লেখযোগ্য ভূমিকা রাখে।





*এনওসিএস ধানমন্ডি গ্রাহক শুনানি*



*এনওসিএস তেজগাঁও স্টেক হোল্ডার সভা*



*এনওসিএস কাজলা দপ্তরের গণশুনানি ও মতবিনিময় সভা*

# বকেয়া বিদ্যুৎ বিল আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ

ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বকেয়া বিদ্যুৎ বিল আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের জন্য গত ১৫ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত অভিযান পরিচালনা করা হয়। প্রধান প্রকৌশলী নর্থ, সাউথ ও সেন্ট্রালের আওতাধীন ৩৬টি এনওসিএস দপ্তরে অভিযান পরিচালনার মাধ্যমে বিপুল পরিমাণ বকেয়া রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বিদ্যুৎ চুরি রোধ করা সম্ভব হয়েছে। প্রধান প্রকৌশলী দপ্তরের সার্বিক তত্ত্বাবধায়নে অভিযান পরিচালত হয়। অভিযান পরিচালনাকালে সংশ্লিষ্ট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

**একনজরে অভিযানের চিত্র**

| দপ্তরের নাম | বিচ্ছিন্নকৃত সংযোগ | | বকেয়া/ জরিমানা আদায় |
|---|---|---|---|
| | অবৈধ | বকেয়া | |
| প্রধান প্রকৌশলী (নর্থ) | ২৯ | ৩৭১ | ১১৫৪২২৩০.০০ |
| প্রধান প্রকৌশলী (সাউথ) | ১১ | ১১৩১ | ২৪৩১৩৬১৬.০ |
| প্রধান প্রকৌশলী (সেন্ট্রাল) | ১৩ | ১৯৭ | ৮৮১২৩৫৩.০০ |
| মোট | ৫৩ | ১৬৯৯ | ৪৪৪২১৯০১.০০ |







*এনওসিএস বনশ্রী*





*এনওসিএস মুগদাপাড়া*

## ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন

| ০১ জুলাই ২০২৪ হতে ৩১ অক্টোবর ২০২৪ পর্যন্ত | |
|---|---|
| অভিযান সংখ্যা | ৩৮ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ২৯ টি |
| উদ্‌ঘাটিত বিদ্যুৎ চুরি | ০২ লক্ষ ৫৫ হাজার ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ০১ কোটি ২২ লক্ষ ৭৫ হাজার টাকা |
| এনওসিএস এর বকেয়া আদায় | ০১ কোটি ০৪ লক্ষ ৬৫ হাজার টাকা |
| মালামাল জব্দ | ২৫ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |

### জুলাই- ২০২৪ হইতে অক্টোবর - ২০২৪ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য :

- পোস্তগোলা দপ্তরের গ্রাহক মো: দুলাল খান এর আবাসিক স্থাপনায় ৪৫.৩৪ লক্ষ টাকার পেনাল বিল।
- মগবাজার দপ্তরের গ্রাহক মিসেস করিমন নেছা এর আবাসিক স্থাপনায় ২৪.৪৮ লক্ষ টাকার পেনাল বিল।
- সিদ্ধিরগঞ্জ দপ্তরের গ্রাহক মো: রাজু এর বাণিজ্যিক স্থাপনায় ৬.৯৭ লক্ষ টাকার পেনাল বিল।
- সিদ্ধিরগঞ্জ দপ্তরের গ্রাহক কাকলী মালেক এর আবাসিক স্থাপনায় ৫.৮০ লক্ষ টাকার পেনাল বিল।
- সিদ্ধিরগঞ্জ দপ্তরের গ্রাহক মোঃ আল আমিন এর বাণিজ্যিক স্থাপনায় ৪.১০ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের গ্রাহক মোঃ মনির আহমেদ এর আবাসিক স্থাপনায় ৪.০৪ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের গ্রাহক জি.এম. তারিকুল ইসলাম ও মোঃ মাহমুদ হাসান শাহ গংএর আবাসিক স্থাপনায় ৩.৬৫ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের গ্রাহক আব্দুল মান্নান এর আবাসিক স্থাপনায় ৩.৬২ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের গ্রাহক এম কে কাওসার গং এর আবাসিক স্থাপনায় ৩.৫৪ লক্ষ টাকার পেনাল বিল।









ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে 'ডিপিডিসি বুলেটিন'- প্রকাশের জন্য ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং সফ্টকপি নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

dgmhrpr@dpdc.gov.bd

### ডিপিডিসি বিজ্ঞপ্তি

বিদ্যুৎ সংযোগের জন্য সরকারি ফি ব্যতিত বাড়তি টাকার প্রয়োজন নেই। ডিপিডিসির কোন এমপ্লয়ি অতিরিক্ত টাকা দাবি করলে সরাসরি অভিযোগ করুন।
বিদ্যুৎ সংযোগ কিংবা সেবা গ্রহণে অযথা কোন মধ্যস্বত্বভোগী কিংবা দালালের আশ্রয় গ্রহণ করবেন না।

| | |
|---|---|
| কোম্পানি সচিব | : ০১৩২৪ ৪১৫৬৩৩ |
| প্রধান প্রকৌশলী (সেন্ট্রাল) | : ০১৭৩০ ৩৩৫১৫২ |
| প্রধান প্রকৌশলী (নর্থ) | : ০১৭৩০ ৩৩৫১৯৪ |
| প্রধান প্রকৌশলী (সাউথ) | : ০১৭৩০ ৩৩৫১৭২ |
| ডিজিএম, পাবলিক রিলেশনস | : ০১৭৩০ ৩৩৫২১৮ |